

২৭
(প্রমদাবাবুকে লিখিত)

ওঁ বিশ্বেশ্বরো জয়তি

গাজীপুর
৪ঠা ফেব্রুয়ারী, ১৮৯০

পূজ্যপাদেষু,

আপনার পত্রও পাইয়াছি এবং বহু ভাগ্যফলে বাবাজীর সাক্ষাৎ হইয়াছে। ইনি অতি মহাপুরুষ -- বিচিত্র ব্যাপার, এবং এই নাস্তিকতার দিনে ভক্ত এবং যোগের অত্যাশ্চর্য ক্ষমতার অদ্ভুত নিদর্শন। আমি ইঁহার শরণাগত হইয়াছি, আমাকে আশ্বাসও দিয়াছেন, সকলের ভাগ্যে ঘটে না। বাবাজীর ইচ্ছা -- কয়েক দিবস এই স্থানে থাকি, তিনি উপকার করিবেন। অতএব এই মহাপুরুষের আজ্ঞানুসারে দিন কয়েক এ স্থানে থাকিব। ইহাতে আপনিও আনন্দিত হইবেন, সন্দেহ নাই। পত্রে লিখিলাম না, কথা অতি বিচিত্র, সাক্ষাতে জানিবেন। ইঁহাদের লীলা না দেখিলে শাস্ত্রে বিশ্বাস পুরা হয় না

দাস

নরেন্দ্র

পুঃ -- এ পত্রের বিষয় গোপন রাখিবেন। ইতি

নরেন্দ্র